



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/12/2025

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল নিউ ইয়র্কের মেডিকেল স্কুলগুলিতে আধুনিক ট্রান্সলেশনাল রিসার্চের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার এবং NYFIRST প্রোগ্রামের নতুন আবেদন করার রাউন্ড ঘোষণা করলেন

নতুন আবেদন করার রাউন্ড 12 মাসের আবেদনের সময়কাল বাড়ায় এবং বেশি ফ্লেক্সিবল করার জন্য রোলিং অ্যাডমিশন গ্রহণ করবে

রাউন্ড 6-এর আবেদন ও নির্দেশাবলী পাওয়া যাবে [এখানে](#)

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে New York Fund for Innovation in Research and Scientific Talent (NYFIRST) প্রোগ্রামকে বড় করতে এবং প্রোগ্রামের সর্বশেষ রাউন্ড শুরু করার জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) পরিচালিত প্রোগ্রামটি 2018 সালে শুরু হওয়ার পর থেকে সফলভাবে স্টেটের ট্রান্সলেশনাল রিসার্চ সক্ষমতা জোরদার করেছে। প্রোগ্রামটি মেডিকেল স্কুলগুলিকে বিশ্বমানের ট্রান্সলেশনাল রিসার্চ বিজ্ঞানীদের নিউ ইয়র্ক স্টেটে (New York State) আকৃষ্ট করতে এবং ধরে রাখতে অনুদান দেয়, যার বৃহত্তর লক্ষ্য হলো বায়োটেক স্টার্টআপ এখানে নিয়ে আসা এবং উচ্চ দক্ষতার চাকরি তৈরি ও বাণিজ্যিক সুযোগের মাধ্যমে টেকসই অর্থনৈতিক বিকাশ সম্ভব করা। রোগের অবস্থা নির্ণয় এবং চিকিৎসা করার নতুন উপায় খুঁজতে মৌলিক বৈজ্ঞানিক গবেষণাকে ট্রান্সলেশনাল রিসার্চ অগ্রসর করে। প্রোগ্রামের ষষ্ঠ রাউন্ডের জন্য আবেদন পুরো 12 মাস চলবে এবং রোলিং রিভিউ হবে, যার ফলে মেডিকেল স্কুলগুলি 30 এপ্রিল, 2026 তারিখ পর্যন্ত আবেদন জমা দিতে পারবে। [এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ওয়েবসাইটের NYFIRST পেজে](#) আরো তথ্য পাওয়া যাবে।

"আমাদের NYFIRST প্রোগ্রামটি বৈজ্ঞানিক অগ্রগতির ক্ষেত্রে একটি রূপান্তরমূলক শক্তি হিসেবে উঠে এসেছে, এটি নিউ ইয়র্কের মেডিকেল ইনস্টিটিউটগুলিকে এমন পাওয়ারহাউজে পরিণত করেছে যা রিসার্চের উজ্জ্বলতম মেধাবীদের আকৃষ্ট করে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই 10 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগটি একটি গতিশীল লাইফ সাইন্স ইকোসিস্টেম তৈরিতে আমাদের নিবেদনকে আরেকবার নিশ্চিত করে যেখানে যুগান্তকারী আবিষ্কার হতে পারে এবং আমাদের পুরো স্টেটে সাস্টেনেবল, উচ্চ মূল্যের চাকরি তৈরি করা যায়।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "NYFIRST-এর মতো কৌশলী বিনিয়োগের মাধ্যমে আমরা নিউ ইয়র্ককে সারা বিশ্বে লাইফ সাইন্স আবিষ্কারের মুখ্য গন্তব্য হিসেবে প্রতিষ্ঠা করছি। যখন অসাধারণ বৈজ্ঞানিক প্রতিভার ব্যক্তির আামাদের স্টেটকে বেছে নিবে, তখন তাদের নতুন ধরণের ল্যাবেরেটরির আবিষ্কারগুলি আরো দ্রুত জীবন বদলে দেওয়ার মতো থেরাপিতে পরিবর্তিত হবে যা সকল নিউ ইয়র্কবাসীর জন্য লাভজনক হতে পারে।"

নতুন 12 মাসের আবেদনের সময়কালটি প্রত্যেক মেডিকেল স্কুলকে নিজেদের সেরা প্রার্থীদেরকে তাদের জন্য সেরা সময়সূচি অনুযায়ী অগ্রসর করার ফ্লেক্সিবিলিটি দেয়, গবেষক এবং তাদের দলের অন্য দেশ থেকে এখানে স্থানান্তরের সমন্বয় করার ক্ষেত্রে এটি বিশেষ করে গুরুত্বপূর্ণ। মেডিকেল স্কুলগুলি একটি আবেদনের চক্রে মাত্র একবার আবেদন করার যোগ্য হবে। এই ফ্লেক্সিবিলিটি নিশ্চিত করে যাতে নিয়োগ পাওয়া ইনভেস্টিগেটররা তাদের ক্ষেত্রে সেরা প্রার্থী হয়, এবং অনুদানের সময়কালের অনেক পরেও স্টেটের লাইফ সাইন্স ইকোসিস্টেম লাভবান হতে থাকে। [এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ওয়েবসাইটের NYFIRST পেজে](#) নতুন আবেদনের ফর্মগুলি পাওয়া যাবে।

2018 সালে একটি 15 মিলিয়ন মার্কিন ডলারের প্রাথমিক তহবিল নিয়ে NYFIRST শুরু হয়। NYFIRST-এর সম্ভাবনা বুঝতে পেরে পুরো স্টেটে উল্লেখযোগ্য লাইফ সাইন্স অর্থনৈতিক বিকাশ চালনা করার জন্য ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2025 সালের পাশ করা বাজেটে আরো 10 মিলিয়ন মার্কিন ডলারের ব্যবস্থা করা হয়। প্রোগ্রামটি 1.0 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত তহবিল দিবে যা দিয়ে প্রত্যেক ইনভেস্টিগেটরের গবেষণার সম্পর্কিত খরচ করা যাবে, [নির্দেশাবলীতে](#) তহবিলের সকল আবশ্যিকতা বিস্তারিতভাবে বলা আছে।

প্রোগ্রামটি শুরু হওয়ার পর থেকে নিউ ইয়র্কের মেডিকেল স্কুলগুলিতে 12টি NYFIRST অনুদান দেওয়া হয়েছে, যা স্টেটে নতুন প্রতিভা নিয়ে এসেছে এবং সরাসরি 160টির বেশি নতুন চাকরি তৈরি করেছে, যার মধ্যে নিউ ইয়র্ক স্টেটের বাইরে থেকে নতুন 95 জনকে নিয়োগ দেওয়া হয়েছে। নিয়োগ পাওয়া গবেষকরা নিজ নিজ নিউ ইয়র্ক ইনস্টিটিউটে ন্যাশনাল ইনস্টিটিউট অফ হেলথ (National Institutes of Health, NIH) এবং অন্যান্য তহবিল থেকে প্রায় 25.7 মিলিয়ন মার্কিন ডলার নিয়ে এসেছেন এবং এখন পর্যন্ত বাড়তি 93.1 মিলিয়ন মার্কিন ডলার এক্সটার্নাল তহবিল উঠিয়েছেন। প্রথম পাঁচটি আবেদনের চক্রের সময় নিয়োগ পাওয়া সকল ইনভেস্টিগেটর চাকরি তৈরি করেছেন এবং নিয়োগ পাওয়া স্কুলে কাজ করে যাচ্ছেন, যা থেকে বুঝা যায় যে NYFIRST এর লক্ষ্য পূরণ করছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)